বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

পত্র সংখ্যা: ২৮.০১.০০০০.০১৭.১৭.১১২.১৭- ৬৪৮৯ তারিখ: ২৩ নভেম্বর ২০১৭

# প্রেস রিলিজ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ৩৪(৬) ধারা মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার প্রায় ১৫% বৃদ্ধির জন্য কমিশনে আবেদন করে। তাছাড়া উক্ত ধারা মোতাবেক বিদ্যুৎ বিতরণ সংস্থা হিসাবে বিউবো, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তন/সমন্বয়ের জন্য কমিশনে আবেদন করে।

কমিশন বিদ্যুৎ সংস্থা ও কোম্পানীসমূহের আবেদনের ওপর ২৫ সেপ্টেম্বর ২০১৭ হতে ০৫ অক্টোবর ২০১৭ পর্যন্ত গণশুনানি গ্রহণ করে। শুনানি পরবর্তী স্টেকহোল্ডারদের মতামত এবং গণশুনানিতে প্রাপ্ত মতামত ও তথ্য পর্যালোচনা করা হয়। মূল্যহার পরিবর্তনের ক্ষেত্রে সকল শ্রেণির গ্রাহকের স্বার্থ, বিভিন্ন প্রতিষ্ঠানের ওপর আর্থিক প্রভাব, বিত্তহীন ও নিম্নবিত্তসহ সকল গ্রাহকের ওপর আর্থিক চাপ হ্রাস, সারাদেশে বিদ্যুতের অভিন্ন মূল্যহার, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং সর্বোপরি দেশের আর্থসামাজিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার বৃদ্ধি না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের নীট বিদ্যুৎ বিতরণ খরচ বৃদ্ধি বিবেচনায় সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর বিদ্যুতের খুচরা মূল্যহার ভারিত গড়ে ০.৩৫ টাকা/কি.ও.ঘ. (৫.৩%) বৃদ্ধি করা হয়েছে। অর্থাৎ এ বৃদ্ধির হার ভারিত গড়ে ৫.৩ শতাংশ। এই মূল্যহার **বিল মাস ডিসেম্বর ২০১৭** থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে।

উল্লেখ্য যে, বিদ্যুতের ন্যূনতম চার্জ (Minimum Charge) প্রত্যাহার করা হয়েছে। ফলে মোট গ্রাহকের ১৩% অর্থাৎ ৩০ লক্ষ লাইফ-লাইন গ্রাহকের (০-৫০ ইউনিট) বিদ্যুৎ বিল হ্রাস পাবে। তাছাড়া, বাপবিবো'র প্রায় ৬০ লক্ষ (মোট গ্রাহকের ২৫%) লাইফ-লাইন গ্রাহকের জন্য খুচরা বিদ্যুৎ মূল্যহার অপরিবর্তিত থাকবে। অর্থাৎ সারাদেশে মোট গ্রাহকের প্রায় ৩৮% গ্রাহকের বিদ্যুৎ বিল মোটেও বৃদ্ধি পাবে না।

২৩.১১.১৭

**মুহঃ মাহবুবর রহমান**
সচিব
ফোন: ৯১৪০১২৫

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

# বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.০২.০০৫.১২-৬৪৮৬

তারিখ ঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী-কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো ঃ

## পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার

| | বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ | পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ১ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ | |
| | ২৩০ কেভি | ৫.৩৫০ |
| | ১৩২ কেভি | ৫.৪০০ |
| | ৩৩ কেভি | ৫.৪৫০ |
| ২ | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি | |
| | ১৩২ কেভি | ৪.০০৭ |
| | ৩৩ কেভি | ৪.০৫৭ |
| ৩ | ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড | |
| | ১৩২ কেভি | ৫.৮৭৮ |
| | ৩৩ কেভি | ৫.৯২৮ |
| ৪ | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড | |
| | ১৩২ কেভি | ৬.০১৬ |
| | ৩৩ কেভি | ৬.০৬৬ |
| ৫ | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড | |
| | ১৩২ কেভি | ৪.৭৮৪ |
| | ৩৩ কেভি | ৪.৮৩৪ |
| ৬ | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড | |
| | ১৩২ কেভি | ৪.৪৪৮ |
| | ৩৩ কেভি | ৪.৪৯৮ |

## শর্তাবলীঃ

১। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে (Delivery Point) মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ এর কম রেকর্ড হলে নিম্নোক্ত হারে সারচার্জ প্রযোজ্য হবেঃ

ক) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ থেকে পিএফ ০.৮৮ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০ শতাংশ হারে সারচার্জ।

খ) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ থেকে পিএফ ০.৮০ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০ শতাংশ হারে সারচার্জ।

গ) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ থেকে পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০ শতাংশ হারে সারচার্জ।

২। বিলম্বে বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী এর ক্ষেত্রে মাসে ১% (এক শতাংশ) সরল সুদে বিলম্ব মাশুল প্রযোজ্য হবে।

৩। গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের জন্য রেয়াতি হারে পাইকারি (বাল্ক) মূল্যহার নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সকল পল্লী বিদ্যুৎ সমিতি-কে ধার্যকৃত এই পাইকারি (বাল্ক) মূল্যহারে বিল করবে। রেয়াতি সুবিধা বণ্টনের লক্ষ্যে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য প্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেনে পরিচালনা বিবেচনায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ২০১৭-১৮ অর্থবছরের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন পাইকারি (বাল্ক) মূল্যহার স্থির করবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় স্থিরকৃত পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃস্থির (refix) করা যাবে।

৪। পুনর্নির্ধারিত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার এবং এতদ্‌সংক্রান্ত শর্তাবলী **বিল মাস ডিসেম্বর ২০১৭ থেকে** কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত তা অপরিবর্তিত থাকবে।

কমিশনের আদেশক্রমে,

**মুহঃ মাহবুবর রহমান**
সচিব
ফোনঃ ৯১৪০১২৫

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবসাইট: www.berc.org.bd

# বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০১৩.১২-৬৪৮৭

তারিখ ঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ / ২৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (তার আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের খুচরা মূল্যহার **বিল মাস ডিসেম্বর ২০১৭** থেকে নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো ঃ

## খুচরা বিদ্যুৎ মূল্যহার

### ক. নিম্নচাপ (এলটি) ঃ ২৩০/৪০০ ভোল্ট

**বিদ্যুৎ সরবরাহ ঃ নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং তিন ফেজ ৪০০ ভোল্ট**

**ফ্রিকোয়েন্সি ঃ ৫০ সাইকেল/সেকেন্ড**

**অনুমোদিত লোড ঃ সিঙ্গেল ফেজ ০–৭.৫ কি.ও. এবং তিন ফেজ ০–৫০ কি.ও.**

| | গ্রাহক শ্রেণি | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও. (অনুমোদিত লোড)/মাস] |
|---|---|---|---|
| ১ | এলটি—এঃ আবাসিক | | ২৫.০০ |
| | লাইফ লাইন ঃ ০-৫০ ইউনিট | ৩.৫০[১] | |
| | প্রথম ধাপ ঃ ০-৭৫ ইউনিট | ৪.০০ | |
| | দ্বিতীয় ধাপ ঃ ৭৬-২০০ ইউনিট | ৫.৪৫ | |
| | তৃতীয় ধাপ ঃ ২০১-৩০০ ইউনিট | ৫.৭০ | |
| | চতুর্থ ধাপ ঃ ৩০১-৪০০ ইউনিট | ৬.০২ | |
| | পঞ্চম ধাপ ঃ ৪০১-৬০০ ইউনিট | ৯.৩০ | |
| | ষষ্ঠ ধাপ ঃ ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১০.৭০ | |
| ২ | এলটি—বিঃ সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৪.০০ | ১৫.০০ |
| ৩ | এলটি—সি ১ঃ ক্ষুদ্র শিল্প | | ১৫.০০ (২৫ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের গ্রাহকের ক্ষেত্রে প্রযোজ্য) ২৫.০০ (২৫ কি.ও. এর উর্ধ্বের অনুমোদিত লোডের গ্রাহকের ক্ষেত্রে প্রযোজ্য) |
| | ফ্ল্যাট | ৮.২০ | |
| | অফ-পীক সময়ে | ৭.৩৮ | |
| | পীক সময়ে | ৯.৮৪ | |
| ৪ | এলটি—সি ২ঃ নির্মাণ | ১২.০০ | ৮০.০০ |
| ৫ | এলটি—ডি ১ঃ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৫.৭৩ | ২৫.০০ |
| ৬ | এলটি—ডি ২ঃ রাস্তার বাতি, পানির পাম্প ও ব্যাটারি চার্জিং স্টেশন | ৭.৭০ | ৪০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ৭ | এলটি—ইঃ বাণিজ্যিক ও অফিস | | ৩০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৩০ | |
| | অফ-পীক সময়ে | ৯.২৭ | |
| | পীক সময়ে | ১২.৩৬ | |
| ৮ | এলটি—টিঃ অস্থায়ী | ১৬.০০ | ১০০.০০ |

## খ. মধ্যমচাপ (এমটি) ঃ ১১ কেভি

বিদ্যুৎ সরবরাহ ঃ মধ্যমচাপ এসি ১১ কেভি

ফ্রিকোয়েন্সি ঃ ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড ঃ ৫০ কি.ও. থেকে সর্বাধিক ৫ মে.ও.

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি.ও.[২]/মাস) |
|---|---|---|---|
| ১ | এমটি—১ঃ আবাসিক | | ৫০.০০ |
| | ফ্ল্যাট | ৮.০০ | |
| | অফ-পীক সময়ে | ৭.২০ | |
| | পীক সময়ে | ১০.০০ | |
| ২ | এমটি—২ঃ বাণিজ্যিক ও অফিস | | ৫০.০০ |
| | ফ্ল্যাট | ৮.৪০ | |
| | অফ-পীক সময়ে | ৭.৫৬ | |
| | পীক সময়ে | ১০.৫০ | |
| ৩ | এমটি—৩ঃ শিল্প | | ৫০.০০ |
| | ফ্ল্যাট | ৮.১৫ | |
| | অফ-পীক সময়ে | ৭.৩৪ | |
| | পীক সময়ে | ১০.১৯ | |
| ৪ | এমটি—৪ঃ নির্মাণ | | ৮০.০০ |
| | ফ্ল্যাট | ১১.০০ | |
| | অফ-পীক সময়ে | ৯.৯০ | |
| | পীক সময়ে | ১৩.৭৫ | |
| ৫ | এমটি—৫ঃ সাধারণ[৩] | | ৫০.০০ |
| | ফ্ল্যাট | ৮.০৫ | |
| | অফ-পীক সময়ে | ৭.২৫ | |
| | পীক সময়ে | ১০.০৬ | |
| ৬ | এমটি—৬ঃ অস্থায়ী | ১৫.০০ | ১০০.০০ |

## গ. উচ্চচাপ (এইচটি)ঃ ৩৩ কেভি

বিদ্যুৎ সরবরাহ ঃ উচ্চচাপ এসি ৩৩ কেভি
ফ্রিকোয়েন্সি ঃ ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড ঃ ৫ মে.ও. থেকে সর্বাধিক ৩০ মে.ও. (২০ মে.ও. এর উর্ধ্বে অবশ্যই ডাবল সার্কিট)

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি.ও.[২]/মাস) |
|---|---|---|---|
| ১ | এইচটি—১ঃ সাধারণ | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৮.০০ | |
| | অফ-পীক সময়ে | ৭.২০ | |
| | পীক সময়ে | ১০.০০ | |
| ২ | এইচটি—২ঃ বাণিজ্যিক ও অফিস | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৮.৩০ | |
| | অফ-পীক সময়ে | ৭.৪৭ | |
| | পীক সময়ে | ১০.৩৮ | |
| ৩ | এইচটি—৩ঃ শিল্প | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৮.০৫ | |
| | অফ-পীক সময়ে | ৭.২৫ | |
| | পীক সময়ে | ১০.০৬ | |
| ৪ | এইচটি—৪ঃ নির্মাণ | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ১০.০০ | |
| | অফ-পীক সময়ে | ৯.০০ | |
| | পীক সময়ে | ১২.৫০ | |

## ঘ. অতি উচ্চচাপ (ইএইচটি)ঃ ১৩২ কেভি এবং ২৩০ কেভি

বিদ্যুৎ সরবরাহ ঃ অতি উচ্চচাপ এসি ১৩২ কেভি এবং ২৩০ কেভি
ফ্রিকোয়েন্সি ঃ ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড ঃ ইএইচটি—১ ঃ ২০ মে.ও. থেকে সর্বাধিক ১৪০ মে.ও. (কারিগরি বিবেচনায় সিঙ্গেল অথবা ডাবল সার্কিট)
ইএইচটি—২ ঃ ১৪০ মে.ও. এর উর্ধ্বে

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি.ও.[২]/মাস) |
|---|---|---|---|
| ১ | ইএইচটি—১ঃ সাধারণ | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৭.৯৫ | |
| | অফ-পীক সময়ে | ৭.১৬ | |
| | পীক সময়ে | ৯.৯৪ | |
| ২ | ইএইচটি—২ঃ সাধারণ | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৭.৯০ | |
| | অফ-পীক সময়ে | ৭.১১ | |
| | পীক সময়ে | ৯.৮৮ | |

[১] বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর যে সকল পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) এর লাইফ-লাইন (০-৫০ ইউনিট) গ্রাহকের এনার্জি রেট/চার্জ ৩.৫০ টাকা/কি.ও.ঘ. এর উর্ধ্বে সে সকল পবিস এর বিদ্যমান এনার্জি রেট/চার্জ অপরিবর্তিত থাকবে। লাইফ লাইন (০-৫০ ইউনিট) মূল্যহারের সুবিধা আবাসিক গ্রাহক শ্রেণির অন্য কোনো গ্রাহক পাবেন না।

[২] ডিমান্ড চার্জ নিরূপণের ক্ষেত্রে নিম্নোক্তভাবে ডিমান্ড (কি.ও.) বিবেচনায় নিতে হবেঃ

ক) সকল এলটি, এমটি—১, এমটি—২ এবং এমটি—৬ গ্রাহকের ক্ষেত্রে অনুমোদিত লোড (কি.ও.) প্রযোজ্য হবে;

খ) এমটি—৩, এমটি—৪, এমটি—৫ এবং সকল এইচটি ও ইএইচটি গ্রাহকের ক্ষেত্রে রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা (কি.ও.) অথবা অনুমোদিত লোডের (কি.ও.) ৭০% এর মধ্যে যেটি সর্বোচ্চ তা প্রযোজ্য হবে;

[৩] বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এর আওতাধীন এমটি—৫ গ্রাহক শ্রেণির মধ্যে যাদের বিদ্যুৎ ব্যবহার প্রধানত (প্রায় ৮০%) আবাসিক ধরনের যেমন-ডরমেটরিসহ সেনানিবাস বা বিশ্ববিদ্যালয়; সেসব ক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের ২০% এমটি—৫ এর এনার্জি রেট/চার্জ (৮.০৫ টাকা/কি.ও.ঘ.), ৭২% এলটি—এ এর প্রথম ধাপ এবং দ্বিতীয় ধাপের গড় এনার্জি রেট/চার্জ (৪.৯১ টাকা/কি.ও.ঘ.) এবং ৮% এলটি—এ এর ষষ্ঠ ধাপের এনার্জি রেট/চার্জ (১০.৭০ টাকা/কি.ও.ঘ.) অনুসারে বিল করতে হবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের ক্ষেত্রে ব্যবহৃত সম্পূর্ণ বিদ্যুৎ পূর্বের নিয়মের ধারাবাহিকতায় এমটি—৫ এর এনার্জি রেট/চার্জ অনুসারে বিল করতে হবে।

কমিশনের আদেশক্রমে,

মুহঃ মাহবুবর রহমান
সচিব
ফোনঃ ৯১৪০১২৫